

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯৯৩

১০/ কাফন-দাফন (ﷺ ১০/ কাফন-দাফন (১৯৮৮) পরিচ্ছেদঃ মর্দাকে গোসল দিয়ে নিজে গোসল করা।

# باب مَا جَاءَ فِي الْغُسْلِ مِنْ غُسْلِ الْمَيِّتِ

#### আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْمَلِكِ بْنِ أَبِي الشَّوَارِبِ، حَدَّتَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ الْمُخْتَارِ، عَنْ سُهُيْلِ بْنِ أَبِي صَالِحٍ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قال "مِنْ غُسْلِهِ الْغُسْلُ وَمِنْ حَمْلِهِ الْوُضُوءُ " . يَعْنِي الْمَيِّتَ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلِيٍّ مِنْ غُسْلِهِ الْغُسْلُ وَمَنْ حَمْلِهِ الْوُضُوءُ " . يَعْنِي الْمَيِّتَ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلِيٍّ وَعَائِشَةَ . قَالَ أَبُو عِيسَى حَديثُ أَبِي هُرَيْرَةَ حَديثٌ حَسَنٌ وَقَدْ رُويِيَ عَنْ أَبِي هُرَيْرَةَ مَوْقُوفًا . وَقَدِ اخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي الَّذِي يُغَسِّلُ الْمَيِّتَ فَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ مِنْ أَمَنُ مَوْقُوفًا . وَقَد اخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي الَّذِي يُغَسِّلُ الْمَيِّتَ فَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ مِنْ أَمَن عَسَّلَ مَيِّتًا فَعَلَيْهِ الْغُسْلُ . وَقَالَ مَعْضُهُمْ عَلَيْهِ الْفُسْلُ . وَقَالَ مَالِكُ بْنُ أَنْسٍ أَسْتَحِبُ الْغُسْلُ مِنْ غُسْلِ الْمَيِّتِ وَلاَ أَرَى بَعْضُهُمْ عَلَيْهِ الْوُضُوءُ . وَقَالَ مَالِكُ بْنُ أَنُسٍ أَسْتَحِبُ الْغُسْلُ مَيْتًا أَرْجُو أَنْ لاَ يَجِبَ عَلَيْهِ الْغُسْلُ وَاجِبًا . وَهَكَذَا قَالَ الشَّافِعِيُّ . وَقَالَ أَحْمَدُ مَنْ غَسَّلَ مَيْتًا أَرْجُو أَنْ لاَ يَجِبَ عَلَيْهِ الْفُصُوءُ فَأَقَلُ مَا قِيلَ فِيهِ . وَقَالَ إِسْحَاقُ لاَ بُدَّ مِنَ الْوُضُوءِ . قَالَ الْمَيِّتَ . قَالَ لاَ يَغْتَسِلُ وَلا يَتَوَضَنَّا مَنْ غَسَّلَ الْمَيِّتَ .

#### বাংলা

৯৯৩. মুহাম্মাদ ইবনু আব্দুল মালিক ইবনু আবিশ শাওয়ারির (রহঃ) ..... আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, মায়্যিতের গোসল দানের পর গোসল করবে আর তাকে বহনের পর উযূ (ওজু/অজু/অযু) করবে। - ইবনু মাজাহ ১৪৬৩, তিরমিজী হাদিস নম্বরঃ ৯৯৩ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আলী ও আয়িশা (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা (রহঃ) বলেন, আবৃ হুরায়রা (রাঃ) বর্ণিত হাদিসটি হাসান। এটি আবৃ হুরায়রা (রাঃ) থেকে মাওকুফরূপেও বর্ণিত আছে। মুর্দাকে গোসল প্রদানকারী গোসলের বিষয়ে আলিমদের মতবিরোধ রয়েছে। কতক সাহাবী ও অপরাপর আলিম বলেন, যে ব্যক্তি মায়্যিতকে গোসল করাবে তাকেও পরে গোসল করতে হবে। কেউ কেউ বলেন, তাকে উযু করতে হবে। মালিক ইবনু আনাস (রাঃ) বলেন, মায়্যিত গোসল করানোর পর নিজে গোসল করা মুস্তাহাব। একে আমি ওয়াজিব বলে



মনে করি না। ইমাম শাফিঈ (রহঃ) ও অনুরূপ মন্তব্য করেছেন। ইমাম আহমাদ (রহঃ) বলেন, যে ব্যক্তি মায়্যিতকে গোসল দিবে আমি আশা করি তার উপর গোসল ওয়াজিব নয়। আর উযূর বিষয়ে যা বলা হয়েছে তা-ই ধর্তব্য, ইসহাক (রহঃ) বলেন, উযূ অবশ্যই করতে হবে। আবদুল্লাহ ইবনু মুবারক (রহঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি বলেন, মায়্যিতকে গোসল করানোর কারণে গোসলও করতে হবে না, উযুও করতে হবে না।

### **English**

Abu Hurairah narrated that:

The Prophet said: "Ghusl for one who washed him and Wudu for one who carried himm."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন